



চট্টগ্রাম সিটি কর্পোরেশন

জনসংযোগ শাখা

প্রেস বিজ্ঞপ্তি

চট্টগ্রাম-১৭ মার্চ ২০১৭ খ্রি.

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর ৯৮তম জন্মদিন ও জাতীয় শিশু দিবসে চট্টগ্রাম সিটি কর্পোরেশনের আয়োজনে বিশাল শিশু সমাবেশ ও শিশু উৎসব অনুষ্ঠিত

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর ৯৮তম জন্মদিন ও জাতীয় শিশু দিবস উপলক্ষে চট্টগ্রাম সিটি কর্পোরেশন নগরীর ডিসি হিল নজরুল স্কয়ারে ১৭ মার্চ ২০১৭ খ্রি. সকালে ১০ হাজার এরও অধিক শিশু কিশোর সমাবেশের আয়োজন করে। স্মরণকালের সর্ববৃহৎ এ শিশু কিশোর সমাবেশে বঙ্গবন্ধুর জন্মদিনের কেক কাটা, সমবেত সঙ্গীত, আবৃত্তি, নৃত্য, নাটক পরিবেশিত হয়। চট্টগ্রাম সিটি কর্পোরেশন পরিচালিত ইমারাতুল্লোসা কিন্ডারগার্টেন এর ৫ম শ্রেণীর ছাত্রী হুমায়রা জাহান পৃথিবী সভাপতিত্ব করেন। পশ্চিমনাছিরাবাদ আবদুল হাকিম সিটি কর্পোরেশন কিন্ডারগার্টেন এর শিশু শিক্ষার্থী উম্মে মালিহার উপস্থাপনায় অনুষ্ঠিত বিশাল এ শিশু কিশোর সমাবেশে প্রধান অতিথি ছিলেন চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র আ জ ম নাছির উদ্দীন। সমাবেশে চট্টগ্রাম সিটি কর্পোরেশনের ভারপ্রাপ্ত প্রধান নির্বাহী কর্মকর্তা আবুল হোসেন, নারী ও শিশু বিষয়ক স্থায়ী কমিটির সভাপতি এম আশরাফুল আলম, সালেহ জহর সিটি কর্পোরেশন কিন্ডার গার্টেন এর ছাত্রী উম্মে হাবিবা, পাঁচলাইশ সিটি কর্পোরেশন কিন্ডার গার্টেন এর ৫ম শ্রেণীর ছাত্রী তানজিয়ান হোসেন বক্তব্য রাখেন। চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র আ জ ম নাছির উদ্দীন বেলুন উড়িয়ে জাতির পিতার ৯৮তম জন্মদিন ও শিশুদিবসের কর্মসূচীর সূচনা করেন। সমাবেশের শুরুতে শিশুদের পরিবেশনায় জাতীয় সঙ্গীত পরিবেশনের পর পবিত্র কোরআন থেকে তেলোয়াত করেন চট্টগ্রাম সিটি কর্পোরেশন মিউনিসিপ্যাল মডেল স্কুল ও কলেজের শিক্ষার্থী শেখ মোহাম্মদ ফারুক, গীতা থেকে পাঠ করেন পাথরঘাটা সিটি কর্পোরেশন বালক উচ্চ বিদ্যালয়ের শ্রীমানন্দী চক্রবর্তী, ত্রিপিটক থেকে পাঠ করেন হাজী আবদুল আলী সিটি কর্পোরেশন উচ্চ বিদ্যালয়ের ছাত্রী পুষ্পিতা বড়-য়ামা। মঞ্চে প্যানেল মেয়র জোবাইরা নাগিসা খান জাতীয় শিশু দিবস উদযাপন পরিষদ এর আহবায়ক, শিক্ষা ও স্বাস্থ্য বিষয়ক স্থায়ী কমিটির সভাপতি নাজমুল হক ডিউক, ২৩ নং ওয়ার্ড কাউন্সিলর মো. জাবেদ, ২৮ নং ওয়ার্ড কাউন্সিলর মো. আবদুল কাদের, ১৫ নং ওয়ার্ড কাউন্সিলর মো. গিয়াস উদ্দিন, ৩১ নং ওয়ার্ড কাউন্সিলর তারেক সোলায়মান সেলিম, সংরক্ষিত ওয়ার্ড কাউন্সিলর আবিদা আজাদ, আঞ্জুমান আরা বেগম, প্রধান রাজস্ব কর্মকর্তা ড. মুহাম্মদ মুস্তাফিজুর রহমান, প্রধান শিক্ষা কর্মকর্তা মিসেস নাজিয়া শিরিন, মেয়রের একান্ত সচিব মোহাম্মদ মঞ্জুরুল ইসলাম, নির্বাহী ম্যাজিস্ট্রেট সনজিদা শরমিন, যুথিকা সরকার, তত্ত্বাবধায়ক প্রকৌশলী মোহাম্মদ রফিকুল ইসলাম ও মোহাম্মদ মাহফুজুল হক, উপসচিব আশেক রসুল চৌধুরী সহ কাউন্সিলর ও চসিক কর্মকর্তাবৃন্দ। শিশু সমাবেশের পূর্বে চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র নগর ভবনে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর প্রতিকৃতিতে শ্রদ্ধা নিবেদন করেন এবং খতমে কোরআন, মিলাদ মাহফিল ও মোনাজাতে মেয়র অংশগ্রহণ করেন। ঐতিহাসিক শিশু কিশোর সমাবেশে প্রধান অতিথির বক্তব্যে চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র আ জ ম নাছির উদ্দীন বলেন, বঙ্গবন্ধু কেবলমাত্র বাংলা ও বাঙালির নেতা ছিলেন না। তিনি ছিলেন বিশ্ব সম্প্রদায়ের নেতা। জাতির পিতা বঙ্গবন্ধুর জন্ম হয়েছিল বলেই বাংলাদেশ আজ বিশ্ব সভায় সম্মানের সাথে মাথা উঁচু করে দাড়িয়ে আছে। মেয়র বলেন, বর্তমান শিশু কিশোরদের হাতে একদিন দেশ পরিচালনার দায়িত্ব অর্পিত হবে। শিক্ষার্থীদেরকে সু-শিক্ষা ও নৈতিক শিক্ষা অর্জন করে সুনামগরিক

হিসেবে দেশ পরিচালনার দায়িত্ব কাঁধে নিয়ে দেশকে উন্নতির শীর্ষে পৌঁছে দিতে হবে। জনাব আ জ ম নাছির উদ্দীন বলেন, জাতির পিতা বঙ্গবন্ধু তিলে তিলে নিঃশেষ হয়ে জাতিকে সংগঠিত করেছিলেন। জেল-জুলুম, নির্যাতন, হুলিয়া ও মৃত্যুর পরোয়ানা কোন কিছুই তাঁর চলার পথকে বাধাগ্রস্ত করতে পারে নি। হাজার বছরের শ্রেষ্ঠ বাঙালি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর স্বপ্নকে স্বার্থক করার জন্য বর্তমান প্রজন্মকে দায়িত্ব নিতে হবে। তিনি আশা করেন বর্তমান ও আগামী প্রজন্ম বঙ্গবন্ধুর জীবন ও রাজনৈতিক সংগ্রামের আদর্শের অনুসারী হয়ে এদেশের প্রকৃত ইতিহাস আয়ত্ব করে সুনামগরিক হয়ে দেশকে আলোর পথে এগিয়ে নেবে। ঐতিহাসিক শিশু কিশোর সমাবেশে চট্টগ্রাম সিটি কর্পোরেশন পরিচালিত কিন্ডারগার্টেন, প্রাথমিক বিদ্যালয় ও শিক্ষা প্রতিষ্ঠান সমূহের শিক্ষার্থীরা মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠান পরিবেশন করেন।

সংবাদদাতা
মো. আবদুর রহিম
জনসংযোগ কর্মকর্তা